

২০২০

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)

চতুর্থ সেমেস্টার

নবম পত্র

কোর্স কোড : BNGH-CC-T-9

(কাব্যের রূপভেদ - কাব্যজিজ্ঞাসা ও কাব্যপাঠ)

পূর্ণমান : ৬০

সময় : ২½ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

- ক) 'গীতিকবিতা' নামকরণটির উৎস কি?
- খ) মহাকাব্যের নায়ক কেমন হওয়া উচিত?
- গ) অ্যারিস্টটল এবং বিশ্বনাথ কবিরাজ তাঁরা কোন্ দুটি গ্রন্থে মহাকাব্য নিয়ে আলোচনা করেছিলেন?
- ঘ) বাংলা ভাষায় প্রথম সার্থক সনেটের রচয়িতা কে?
- ঙ) আধুনিক বাংলাসাহিত্যের প্রথম রোমান্টিক কবি কে?
- চ) 'পরম অধর্মাচারী রঘুকুলপতি' — কে, কার প্রতি এই উক্তি করেছেন?

(পরের পাতায়)

- ছ) 'বীরঙ্গনা' কাব্যটির প্রথম প্রকাশকাল উল্লেখ করো।
- জ) 'বীরঙ্গনা' কাব্যটি কোন্ ছন্দে লেখা?
- ঝ) 'কিঙ্করী করিয়া মোরে রাখ রাজপদে' — বক্তা কে? কার উদ্দেশে কথাটি বলা হয়েছে?
- ঞ) '২২শে শ্রাবণ, ১৩৪৮' কবিতায় পথিক কোন্ কোন্ পথ দিয়ে যাবে?
- ট) "আয় আয় আয় রে! / বেলা ব'য়ে যায় রে!" — উদ্ধৃতিটি কোন্ কবিতার অন্তর্গত? এটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত?
- ঠ) 'মোর অশ্রু তোমারে কাঁদায়' — কার অশ্রু, কাকে কাঁদায়?
- ড) আধুনিক বাংলা সাহিত্যের অন্তত চারটি ক্ল্যাসিকধর্মী সাহিত্য সৃষ্টির নাম উল্লেখ করো।
- ঢ) 'ধ্বন্যালোক' — এর রচয়িতা কে? তিনি কোন্ সময়ে আবির্ভূত হয়েছিলেন?
- ণ) আচার্য ভরত মানবমনের কয়টি স্থায়ীভাবের কথা উল্লেখ করেছেন? সেগুলির নাম লেখো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

- ক) 'সনেট' এর বৈশিষ্ট্যগুলি আলোচনা করে উপযুক্ত দৃষ্টান্ত দাও।
- খ) 'গীতিকাব্য' সম্পর্কে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়-এর অভিমত সংক্ষেপে লেখো।

- গ) ‘কচি ডাব’ কবিতায় কবি বৃদ্ধ ডাবগুলার মধ্যে যে শিবদর্শন করেছেন, তার স্বরূপটি সংক্ষেপে লেখো।
- ঘ) ‘দুঃখবাদী’ কবিতায় যে নগ্ন কঠিন দুঃখের রূপটি প্রকাশ পেয়েছে তা সংক্ষেপে উল্লেখ করো।
- ঙ) ‘কাব্যের নাম’ বীরাঙ্গনা হলেও একমাত্র জনার পত্রই বীরাঙ্গনাসুলভ হয়েছে।’ — বিষয়টি বিশ্লেষণ করো।
- চ) ‘রস হচ্ছে নিজের আনন্দময় সম্বিতের আত্মদরূপ একটি ব্যাপার’ — উক্তিটি সহজভাবে সংক্ষেপে বুঝিয়ে দাও।
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$
- ক) ‘বীরাঙ্গনা’ কাব্যের পৌরাণিক নায়িকারা আধুনিক জীবনবোধের রূপায়ণ’ — এই মন্তব্যের আলোয় তারা চরিত্রটি বিচার করো।
- খ) বিভাব, অনুভাব ও সঞ্চারীভাবের সংযোগে কীভাবে কাব্যে রস নিষ্পত্তি হয়, সে সম্পর্কে আলোচনা করো।
- গ) ‘ফেমিন-রিলিফ’ কবিতাটির বিষয়বস্তু সংক্ষেপে নিজের ভাষায় লেখো।
- ঘ) মহাকাব্যের বৈশিষ্ট্য বিচার করে তার বিভিন্ন শ্রেণী সম্পর্কে বুঝিয়ে দাও।
-